# পুলিসের মার প্রতিবন্ধীদের

## ন্যায্য দাবি জানাতে গিয়ে জখম বহু





*বুধবার রানী রাসমণি রোডে প্রতিবন্ধী সম্মিলনীর উদ্যোগে আইন অমান্য।*

**নিজস্ব প্রতিনিধি : কলকাতা, ৩রা ডিসেম্বর–** ন্যায্য দাবি দাওয়ার কথা বলতে গিয়ে পুলিসের হাতে মার খেলেন প্রতিবন্ধীরা। তবুও নির্দিষ্ট লক্ষ্যে ব্যারিকেড ভেঙে তাঁরা দেখিয়ে দিলেন প্রতিবাদ প্রতিরোধ আন্দোলনে কোনো অংশে কম যান না তাঁরাও। বুধবার পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনীর ডাকে ধর্মতলায় ব্যাপক সংখ্যক প্রতিবন্ধী মানুষ ব্যারিকেড ভেঙে আইন অমান্য কর্মসূচী পালন করলেন। শান্তিপূর্ণভাবেই আইন অমান্য কর্মসূচী ছিল। তাঁদের দাবি, প্রতিবন্ধীদের জন্য নতুন আইন অবিলম্বে চালু এবং এন আর এস হাসপাতালে নিহত কোরপান শাহের হত্যার বিচার। তাঁদের রুখতে মারধর করে ধাক্কা দিয়ে সরিয়ে দিল পুলিস। চললো লাঠি। পুলিসের হাতে মার খেলেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রতিবন্ধী এক ছাত্রসহ বহু মানুষই। এদিন শহরে পাঁচ জায়গায় আইন অমান্য কর্মসূচীতে প্রতিবন্ধীরা ঝাঁপিয়ে পড়লে প্রায় ২৬টি হুইল চেয়ার ভাঙচুর করলো পুলিস। ঘটনার জেরে আগামী দিনে আরো বৃহৎ আন্দোলনের ডাক নেতৃবৃন্দের। কোরপান শাহের পরিবারকে আর্থিক সাহায্য দেওয়া হলো

জন্য নতুন কেন্দ্রীয় আইন এখনও কার্যকর হয়নি। রাজ্যসভা থেকে বিলটি পাঠানো হয়েছে স্ট্যান্ডিং কমিটির কাছে। এই আইন পাস হলে তাঁদের আইনি অধিকার স্বীকৃতি পেত। কিন্তু তা হয়নি। অন্যদিকে, রাজ্য সরকারের রয়েছে চূড়ান্ত অবহেলা আর গাফিলতি। গত সাড়ে তিন বছরে প্রায় ৬৩জন প্রতিবন্ধী মহিলা ধর্ষিত হয়েছেন। মুখ্যমন্ত্রী নিশ্চুপ। কোনো হেলদোল নেই সরকারের। এর বিরুদ্ধে এদিন বিশ্ব প্রতিবন্ধী দিবসে রানী রাসমণি রোডে ব্যাপক সংখ্যায় সমাবেশ ও আইন অমান্যের ডাক দেয় পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনী। এন আর এস হাসপাতালে নিহত কোরপান শা'র হত্যাকাণ্ডের বিচারের দাবি ওঠে সমাবেশ থেকে। কোরপান শাহের অসহায় পরিবারও এদিন ছিলেন মঞ্চে। সমাবেশে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনীর সাধারণ সম্পাদক কান্তি গাঙ্গুলিসহ সুধাংশু শীল, শুভঙ্কর চক্রবর্তী, অসিত দাস, নিখিল রায়, হরপ্রসাদ সমাদ্দার, উজ্জ্বল বসু, শৈলেন চৌধুরী, অম্বিকেশ মহাপাত্র, প্রদীপ মুখার্জি, জ্যোতিভূষণ দত্ত, মদন মোহন চেল, অসীম চ্যাটার্জি, মন্দাক্রান্তা সেন, অনিন্দিতা সর্বাধিকারী, পাপিয়া অধিকারী প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন গণতান্ত্রিক আন্দোলনের নেতা সুজন চক্রবর্তী, সুভাষ মুখার্জি, নেপালদেব ভট্টাচার্য প্রমুখ। লোকসভার প্রাক্তন স্পিকার সোমনাথ চট্টোপাধ্যায় প্রতিবন্ধকতাযুক্ত মানুষের ন্যায্য দাবির প্রসঙ্গ তুলে এক বিবৃতি দেন।



এন আর এস হাসপাতালের হস্টেলে চিকিৎসকরা নিষ্ঠুরভাবে পিটিয়ে খুন করেছিল প্রতিবন্ধী কোরপান শাহ-কে। কিন্তু তার কোনো বিচার হয়নি। এর বিরুদ্ধে এদিন তীব্র ধিক্কার দেন সমস্ত প্রতিবন্ধী মানুষ। পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনীর পক্ষ থেকে অর্থ সংগ্রহ করে এদিন ১ লক্ষ ৩০ হাজার টাকা তুলে দেওয়া হলো কোরপান শাহের পরিবারের হাতে। কান্তি গাঙ্গুলি বলেন, এই পরিবারকে প্রতি মাসে ২ হাজার টাকা করে অর্থ সাহায্য দেওয়া হবে অন্ন-বস্ত্রের সংস্থানে। পড়াশোনার খরচ দেওয়া হবে ছেলেমেয়েদের। তিনি সমস্ত সাধারণ মানুষের কাছে এই পরিবারটির প্রতি অর্থ সাহায্যের আবেদন জানান। রাজ্য সরকারের তীব্র নিন্দা করে তিনি বলেন আর

সংগঠনের পক্ষ থেকে।
প্রতিবন্ধীদের অধিকার রক্ষার

*প্রতিবন্ধী সম্মিলনীর আইন অমান্যে পুলিসী অত্যাচারের শিকার হলেন প্রতিবন্ধীরা। ছবি : পি টি আই*

এক দিনও থাকার অধিকার নেই এই

● সপ্তম পৃষ্ঠায় দেখুন

Close Print